

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৩৭  
কমলপুর, ১০ ফেব্রুয়ারি, ২০২৪

আমবাসা পুর পরিষদের নবনির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন

**রাজ্যে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ ও সুবিধাভোগী  
নির্বাচনে রাজনৈতিক রঙ দেখা হয়না : মুখ্যমন্ত্রী**

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বহুমুখী জনকল্যাণকর প্রকল্পের সফল বাস্তবায়নে বর্তমান সরকার রাজ্যের মানুষের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। শিক্ষা থেকে স্বাস্থ্য সব বিষয়ে রাজ্যে উন্নয়নের যে চিত্র ফুটে উঠেছে তার ফলে রাজ্যের মানুষের মধ্যে ‘ফিল গুড’ পরিবেশ তৈরী হয়েছে। রাজ্যে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ ও সুবিধাভোগী নির্বাচনে রাজনৈতিক রঙ দেখা হয়না। আজ আমবাসা পুর পরিষদের নবনির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা একথা বলেন। নবনির্মিত ভবনের উদ্বোধন উপলক্ষে আমবাসা টাউনহলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার, আমবাসা বিএস’র চেয়ারম্যান পরিমল দেববর্মা, ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, ধলাই জেলার এসপি অভিনাশ রাঠী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমবাসা পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সুব্রত।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাস্ট ইস্ট পলিসির কল্যাণে আজ ত্রিপুরা সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলের অভূতপূর্ব উন্নতি হয়েছে। এরই অঙ্গ হিসেবে পিছিয়ে পড়া ধলাই জেলায় জাতি-জনজাতি সম্প্রদায়ের মানুষের উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। সমগ্র ধলাই জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৫৪,৬৪০টি আবাসের অনুমোদন দেওয়া হয়েছে। ইতিমধ্যে ৮৮ শতাংশ আবাসের নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে, যা একটি উল্লেখযোগ্য সাফল্য। তিনি বলেন, ধলাই জেলায় ৭০ শতাংশ বাড়িতে পরিশুত পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। মহিলা স্বস্থায়ক দল গঠনের মধ্য দিয়ে মহিলাদের ক্ষমতায়নের পাশাপাশি গ্রামীণ অর্থনীতিতেও পরিবর্তন আসছে।

মুখ্যমন্ত্রী বলেন, সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। স্বচ্ছতার নিরীখে এসেছে গ্রহণযোগ্যতা। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে রাজ্যে রেল পরিষেবার অভূতপূর্ব অগ্রগতির জন্য ও নতুন জাতীয় সড়কের নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার তথা প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য সরকার এমনভাবে কাজ করছে যাতে প্রতিটি ত্রিপুরাবাসীর মনে আমার সরকার অনুভূতি জাগ্রত হয়। জনপ্রতিনিধিদেরও এই লক্ষ্যে কাজ করার আহ্বান জানান তিনি। মুখ্যমন্ত্রী বলেন, আমবাসা পুর পরিষদ বর্তমানে মানুষের মৌলিক সমস্যাগুলির সমাধানে কাজ করছে। এই কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি। আমবাসাতে মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য নীতি আয়োগের বৈঠকেও প্রস্তাব দেওয়া হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\* ২য় পাতায়

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল  
বগেন, প্রধানমন্ত্রী জনমন যোজনায় ধলাই জেলায় ২, ১০০টি আবাসের অনুমোদন দেওয়া হয়েছে।  
এর মাধ্যমে প্রত্যন্ত জনজাতি এলাকায় জনজাতি পরিবারে সরকারি ঘর তৈরী করে দেওয়া হবে।  
জেলাশাসক জানান, ধলাই জেলায় শূন্য থেকে দুই বছরের শিশুদের ভ্যাঙ্গিনেশন ও ইম্যুনাইজেশন  
১০০ শতাংশ সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, আমবাসা পুর পরিষদের নবনির্মিত দ্বিতল ভবনটি নির্মাণে  
২ কোটি ৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। নবনির্মিত ভবনে ১৯টি কক্ষ রয়েছে।

\*\*\*\*\*